

সবাই মিলে দেব কর
দেশ হবে স্বনির্ভর

রেজি : ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা।
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
(অস্থায়ী কার্যালয়)

নথি নং- ৫(১৩)১১৫/কাস-বন্ড/লাই:/২০১৮/ ৫৫ ৫৬ (১-২২)

তারিখ: ৮/০৯/২০২৩ খ্রিঃ।

বিষয়: কারখানা স্থানান্তরের চূড়ান্ত অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০১. সমনথির পত্র নং-২৮৫৮, তারিখ ০৬/০৩/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স বি. এন প্রিন্টিং এন্ড প্যাকেজিং (প্রাঃ) লিমিটেড, ঠিকানা: ১১৫/৮০, মাতুয়াইল কবরস্থান রোড, ডেমরা, ঢাকা, বাংলাদেশ (বন্ড লাইসেন্স নং- ১২২০/কাস-পিবিডব্লিউ/২০১৯ তারিখ: ২০/০১/২০১৯ খ্রিঃ), ই-বিন নং- ০০৫৩৩৫২৮১-০৩০৭ তারিখ: ২২/০১/২০২৩ খ্রিঃ। নামীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক কারখানা সাময়িক স্থানান্তরের জন্য প্রয়োজনীয় দলিলাদিসহ আবেদন করা হলে এ দপ্তরের সমনথির পত্র নং-২৮৫৮, তারিখ: ০৬/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে সাময়িক স্থানান্তরের অনুমোদন দেয়া হয়।

০৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কারখানা চূড়ান্তভাবে স্থানান্তরের জন্য গত ২৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখে আবেদন করলে সরেজমিনে পরিদর্শন ও দাখিলকৃত দলিলাদির ভিত্তিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সাময়িক অনুমোদিত ঠিকানায় কারখানাটি চূড়ান্ত স্থানান্তর অনুমোদন এবং নীল নক্সা অনুমোদনসহ লাইসেন্স প্রয়োজনীয় সংশোধন করা হলো:

কলাম-১	কলাম-২
কারখানার পূর্বের ঠিকানাঃ	চূড়ান্ত স্থানান্তরের অনুমোদনপ্রাপ্ত বর্তমান ঠিকানা
মেসার্স বি. এন প্রিন্টিং এন্ড প্যাকেজিং (প্রাঃ) লিমিটেড ঠিকানা: সাং-সাতাইশ, পোস্ট: সাতাইশ, থানা: টঙ্গী, জেলা: গাজীপুর, বাংলাদেশ।	মেসার্স বি. এন প্রিন্টিং এন্ড প্যাকেজিং (প্রাঃ) লিমিটেড ঠিকানা: ১১৫/৮০, মাতুয়াইল কবরস্থান রোড, ডেমরা, ঢাকা, বাংলাদেশ।

শর্ত সমূহ :

- ১) বন্ড লাইসেন্স এ প্রদত্ত শর্তাবলী, The Customs Act, 1969 এবং বন্ডেড গ্যারান্টি হাউজ লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধানাবলী যথাযথভাবে পালন করতে হবে।
- ২) ভবিষ্যতে কারখানার অনুমোদিত স্থান, মালিকানা, শেয়ার, লিয়েন ব্যাংক পরিবর্তন, বন্ডের মালামাল স্থানান্তর সহ যে কোন ধরণের পরিবর্তনের ক্ষেত্রে অবশ্যই এ দপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- ৩) প্রতিষ্ঠানটির পূর্বতন ঠিকানায় থাকাকালীন সময়ের বিপরীতে কোন সরকারী পাওনা/বকেয়া উত্থাপিত হলে বা কোন প্রকার অনিয়ম উদঘাটিত হলে তার দায়ভার বভার বহন করতে বাধ্য থাকবেন।

প্রাপক: ব্যবস্থাপনা পরিচালক,
মেসার্স বি. এন প্রিন্টিং এন্ড প্যাকেজিং (প্রাঃ) লিমিটেড
ঠিকানা: ১১৫/৮০, মাতুয়াইল কবরস্থান রোড, ডেমরা, ঢাকা, বাংলাদেশ।

[চপল চাকমা]

উপ-কমিশনার

কমিশনারের পক্ষে

নথি নং- ৫(১৩)১১৫/কাস-বন্ড/লাই:/২০১৮/ ৫৫ ৫৬ (১-২২)

তারিখ: ৮/০৯/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি, কমলাপুর/পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা/বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
- ৮। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা, (উত্তর), ঢাকা। তাঁকে বিষয়টি এ দপ্তরের কম্পিউটার সিস্টেমে upload করার জন্য অনুরোধ করা হলো।
- ৯-১৮। উপ/সহকারী কমিশনার, ডিইপিজেড (পূর্ব/পশ্চিম) সাভার, ঢাকা/আদমজী ইপিজেড, আদমজী নগর, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ/সিইপিজেড, চট্টগ্রাম/কুমিল্লা ইপিজেড কুমিল্লা/তামাবিল সিলেট/সোনামসজিদ স্থলবন্দর, শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ/কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম/উত্তরা ইপিজেড, নীলফামারী/দ্বন্দ্বুরদী, ইপিজেড, পাবনা।
- ১৯। ব্যবস্থাপক, অস্থায়ী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ২০। ব্যবস্থাপক, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ২১। সভাপতি, বিজিএপিএমইএ, ২৭৩/৩, পশ্চিম মানিকদী (৩য় তলা), ইসিবি চত্তর-মিরপুর লিংক রোড, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
- ২২। পি.এ. টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৬/০৯/২০২৩
ইরামী আকতার
সহকারী রাষ্ট্র কর্মকর্তা
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

[চপল চাকমা]

উপ-কমিশনার